সজ্ঞাত সিদ্ধান্ত গ্রহণ: পরবর্তী পদক্ষেপসমূহ

হাই স্কুলে ভর্তির চেকলিস্ট

সামার

- ❐ হাই স্কুল নির্দেশিকা এবং স্পেশালাইজড্ হাই স্কুল শিক্ষার্থীদের জন্য হ্যান্ডবুক পর্যালোচনা করুন
- ❐ স্পেশালাইজড্ হাই স্কুলে ভর্তি পরীক্ষার (এসএইচএসএটি) প্রস্তুতি নিন
- ❐ আপনার আগ্রহের কর্মসূচি এবং স্কুলগুলো বেছে নিন
- ❐ হেমন্তের (ফল) সময়সূচির পরিকল্পনা গ্রহণ করুন – মেলা, ওপেন হাউস, অডিশন এবং স্কুল পরিদর্শনের তারিখগুলো ক্যালেন্ডারে চিহ্নিত করে রাখুন

সেপ্টেম্বর

- ❐ এসএইচএসএটি পরীক্ষা এবং অডিশনের জন্য আপনার কাউন্সেলরের মাধ্যমে রেজিস্টার করুন
- ❐ ওপেন হাউস অনুষ্ঠানগুলোতে যোগ দিন
- ❐ স্কুলগুলো পরিদর্শন করুন
- ❐ সিটিওয়াইড হাই স্কুল মেলায় যোগ দিন

অক্টোবর এবং নভেম্বর

- ❐ আপনার কাউন্সেলরের কাছ থেকে প্রাপ্ত হাই স্কুল আবেদনপত্রটি পর্যালোচনা করুন
- ❐ এক বা একাধিক বরো হাই স্কুল মেলায় যোগ দিন
- ❐ এসএইচএসএটি পরীক্ষা দিন
- ❐ অডিশন এবং ইন্টারভিউতে যোগ দিন
- ❐ ওপেন হাউসগুলোতে যোগদান অব্যাহত রাখুন এবং স্কুল পরিদর্শনে যান

ডিসেম্বর

- ❐ Submit High School Application to your counselor on **December 2**

হাই স্কুলে ভর্তির ক্যালেন্ডার: ২০১১

তারিখ	অনুষ্ঠান
২৪–২৫ সেপ্টেম্বর	সিটিওয়াইড হাই স্কুল মেলা
১২ অক্টোবর	স্পেশালাইজড্ হাই স্কুলে ভর্তি পরীক্ষার (এসএইচএসএটি) জন্য রেজিস্টার করার শেষ দিন
অক্টোবরের প্রথম দিকে	গাইডেন্স কাউন্সেলরের কাছ থেকে শিক্ষার্থীগণ হাই স্কুল আবেদনপত্র পাবে
২১ অক্টোবর	গাইডেন্স কাউন্সেলর এসএইচএসএটি পরীক্ষার টিকেট ইস্যু করবেন
২২–২৩ অক্টোবর	বরো হাই স্কুল মেলা
২৯ অথবা ৩০ অক্টোবর	স্পেশালাইজড্ হাই স্কুল ভর্তি পরীক্ষা • সকল ৮ গ্রেডের শিক্ষার্থীর জন্য
৫ নভেম্বর	স্পেশালাইজড্ হাই স্কুল ভর্তি পরীক্ষা • সকল ৯ গ্রেডের শিক্ষার্থীর জন্য • বিশেষ চাহিদাযুক্ত, ৫০৪ সুবিধা, এবং সম্প্রসারিত সময় সুবিধা যোগ্য ৮ এবং ৯ গ্রেডের শিক্ষার্থীদের জন্য
২০ নভেম্বর	স্পেশালাইজড্ হাই স্কুল ভর্তি পরীক্ষা • স্যাবাথ উদ্‌যাপনকারী সকল ৯ গ্রেডের শিক্ষার্থীর জন্য • বিশেষ চাহিদাযুক্ত, ৫০৪ সুবিধা, এবং সম্প্রসারিত সময় সুবিধা যোগ্য স্যাবাথ উদ্‌যাপনকারী ৮ এবং ৯ গ্রেডের শিক্ষার্থীদের জন্য
২০ নভেম্বর	স্পেশালাইজড্ হাই স্কুল ভর্তি পরীক্ষা • ঘাটতি পূরণ পরীক্ষা (শুধু অনুমতি প্রাপ্তদের জন্য)
২ ডিসেম্বর	**গাইডেন্স কাউন্সেলরের হাই স্কুল আবেদনপত্র জমাদানের দিন**

সিটিওয়াইড হাই স্কুল মেলায় কীভাবে অংশগ্রহণ করতে হবে

আরও তথ্যের জন্য, (718) 935-2399 নম্বরে ফোন করুন অথবা www.nyc.gov/schools/ChoicesEnrollment/High ওয়েবসাইট দেখুন।

NYC Department of Education
Dennis M. Walcott, Chancellor

⇨ প্রশ্নের একটি তালিকা তৈরি করে নতুন তথ্য সংগ্রহের প্রস্তুতি নিন

- স্কুল সংস্কৃতি সম্পর্কে জেনে নিন: শিক্ষার্থীরা কীভাবে একে অপরের এবং তাদের শিক্ষকদের সাথে মেলমেশা করে ইত্যাদি?
- নতুন শিক্ষার্থীদের সাধারণ কর্মসূচি সম্পর্কে প্রশ্ন করুন: কখন দিনের শুরু এবং শেষ হয়? শিক্ষার্থীরা সাধারণত কখন তাদের পাঠ্যক্রম বর্হিভূত কর্মসূচি শেষ করে?
- আপনার সন্তানের আগ্রহের বিষয় সম্পর্কে প্রশ্ন জিজ্ঞেস করুন। স্কুলের থিমটি কীভাবে পাঠ্যক্রম এবং নির্দিষ্ট ক্লাসে সন্নিবেশিত হয়েছে? আপনার সন্তানের আগ্রহের সাথে প্রাসঙ্গিক এমন কোন নির্দিষ্ট কোর্স আছে কিনা?
- নতুন শিক্ষার্থীরা নির্দেশিকায় তালিকাভুক্ত কিছু কোর্স নেবার সুযোগ পাবে কিনা তা জেনে নিন।
- কোন নির্দিষ্ট স্কুলের গড় ক্লাস সাইজ কেমন তা জেনে নিন।
- যদি নির্দেশিকায় বলা থাকে শিক্ষার্থীদের ইউনিফর্ম কোড মেনে চলা বাধ্যতামূলক, জেনে নিন ইউনিফর্ম কেমন হবে এবং তার জন্যে কোন খরচ আছে কিনা।
- আপনার স্কুলের শিক্ষার্থীগণ কোন সব বিষয়ে উদ্বিগ্ন?
- (ক) স্কুলে কী ঘটছে এবং (খ) সন্তানের অ্যাকাডেমিক অগ্রগতি সম্পর্কে পিতামাতাদের অবহিতকরণে স্কুল কীভাবে পিতামাতাদের সাথে যোগাযোগ করে সে বিষয়ে প্রশ্ন করুন।

⇨ নির্দিষ্ট স্কুলগুলোর টেবিলে যান

- টেবিল থেকে প্রচারপত্র নেবার আগে, এমন কাউকে খুঁজে নিন যাকে আপনি প্রশ্ন করতে পারবেন। প্রতিটি টেবিলে কর্মরত সেসব ব্যক্তি সাধারণত শিক্ষক, গাইডেন্স কর্মী, পিতামাতা এবং শিক্ষার্থী। কোন কোন সময় প্রিন্সিপ্যালও উপস্থিত থাকতে পারেন।
- কোন নির্দিষ্ট টেবিলে যদি অনেক পিতামাতার ভিড় থাকে, হাল ছাড়বেন না। একটি প্রচারপত্র তুলে নিন এবং অপেক্ষামান অবস্থায় তা দেখতে থাকুন।
- পরবর্তী কোন প্রশ্ন এবং ওপেন হাউস অথবা পরিদর্শনের তারিখ জানতে স্কুলে যোগাযোগের ব্যক্তির নাম, পদবী, এবং ফোন নম্বর নিতে ভুলবেন না।
- আপনি যেসব টেবিলে যান, সেগুলিতে নাম স্বাক্ষর করেছেন সেবিষয়টি নিশ্চিত করুন।

কোন টেবিল পরিদর্শনের পর, আপনার সন্তানের সাথে কিছু সময় নিয়ে স্কুল এবং তার কর্মসূচি সম্পর্কে আলোচনা করুন। আপনার সন্তান কি আর কিছু জানতে চায়? টেবিলে উপস্থিত হাই স্কুল প্রতিনিধিদের সাথে সভার সময় আপনার সন্তানকে কথা বলতে উৎসাহিত করুন।

আপনি যে স্কুলগুলো বেছে নিয়েছেন সেগুলো পরিদর্শন শেষে, নির্দেশিকাটি ঘেঁটে আরেকবার দেখে নিন আর কোন স্কুল পরিদর্শন করতে চান কিনা। যদি চান, অন্য স্কুলের টেবিলগুলো ঘুরে দেখুন।

⇨ নোট নিন

অনেকগুলো টেবিল পরিদর্শনের পর, আপনাকে স্কুল-নির্দিষ্ট প্রশ্নের উত্তরের কথা জিজ্ঞেস করা হতে পারে, সুতরাং নোট করে রাখুন। গুরুত্বপূর্ণ শব্দ এবং বাক্যাংশগুলো টুকে রাখুন।

⇨ মেলা থেকে যাবার আগে...

আপনার হাই স্কুল নির্দেশিকায় আপনি যেসকল স্কুল চিহ্নিত করে রেখেছিলেন সেগুলি পরিদর্শন করেছেন সেবিষয়টি নিশ্চিত করুন। আপনার যদি হাই স্কুল ভর্তি প্রক্রিয়া সম্পর্কে কোন প্রশ্ন থাকে, স্টুডেন্ট এনরোলমেন্ট অফিসের কোন কর্মকর্তাকে জিজ্ঞেস করুন।

⇨ বাড়তি তথ্য

- হাই স্কুল সম্পর্কিত অনুষ্ঠান এবং ক্যালেন্ডারের ওয়েবসাইট: www.nyc.gov/schools/choicesenrollment/high/calendar
- হাই স্কুল প্রকাশনা সম্পর্কিত ওয়েবসাইট: www.nyc.gov/schools/choicesenrollment/high/publications

আরও তথ্যের জন্য, (718) 935-2399 নম্বরে ফোন করুন অথবা www.nyc.gov/schools/ChoicesEnrollment/High ওয়েবসাইট দেখুন।

NYC Department of Education
Dennis M. Walcott, Chancellor